তারিখ ... 29 MAR 2017 ...
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ

# এইচএসসি পরীক্ষা শুরু ২ এপ্রিল

নিজস্ব বার্তা পরিবেশক

দেশব্যাপী ২ এপ্রিল শুরু হচ্ছে ২০১৭ সালের এইচএসসি ও সমমানের পরীক্ষা। গত কয়েক বছর ধরে ১ এপ্রিল পরীক্ষা শুরু হলেও এবার ওইদিন শনিবার হওয়ায় একদিন পর পরীক্ষা শুরু হচ্ছে। পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ে আজ জাতীয় মনিটরিং ও আইনশৃঙ্খলা কমিটির সভা আহ্বান করা হয়েছে। এতে সভাপতিত্ব করবেন শিক্ষামন্ত্রী নুরুল এইচএসসি : পৃষ্ঠা : ১৫ ক : ৪

## এইচএসসি : পরীক্ষা

(১ম পৃষ্ঠার পর)

ইসলাম নাহিদ। আন্তঃশিক্ষা বোর্ডের সূচি অনুযায়ী, আটটি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে এ পরীক্ষা চলবে ১৫ মে পর্যন্ত। এইচএসসির তত্ত্বীয় পরীক্ষা শেষে পরদিন ১৬ মে থেকে ২৫ মে পর্যন্ত অনুষ্ঠিত হবে ব্যবহারিক পরীক্ষা।

গত বছর উচ্চ মাধ্যমিকের তত্ত্বীয় পরীক্ষা ৩ এপ্রিল শুরু হয়ে শেষ হয় ৯ জুন। পরীক্ষা নেয়া হয় হয় ৬৮ দিনে। এবার ২৪ দিন সময় কমিয়ে ৪৪ দিনের পরীক্ষা সূচি নির্ধারণ করা হয়েছে। রীতি অনুযায়ী পরীক্ষার শুরু বহু নির্বাচনী (এমসিকিউ) অংশ এবং পরে রচনামূলক অংশ অনুষ্ঠিত হবে। বহু নির্বাচনী পরীক্ষায় ৩০ নম্বরের জন্য ৩০ মিনিট এবং ৭০ নম্বরের সৃজনশীল পরীক্ষার সময় আড়াই ঘণ্টা নির্ধারণ করা হয়েছে। যেসব বিষয়ে ব্যবহারিক পরীক্ষা রয়েছে সেগুলোর ২৫ নম্বরের বহু নির্বাচনী পরীক্ষার সময় ২৫ মিনিট। সৃজনশীল অংশের জন্য সময় নির্ধারণ করা হয়েছে দুই ঘণ্টা ৩৫ মিনিট।

পরীক্ষা সংক্রান্ত বিশেষ নির্দেশনায় বলা হয়েছে, পরীক্ষার্থীরা সাধারণ সায়েন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে। তবে প্রোগামিং ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে না। পরীক্ষার সময় কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ছাড়া কেউ মোবাইল ফোন ব্যবহার করতে পারবে না। পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতেও পারবে না।

প্রথম দিন অনুষ্ঠিত হবে বাংলা (আবশ্যিক) প্রথম পত্র, সহজ বাংলা প্রথম পত্র, বাংলা ভাষা ও বাংলাদেশের সংস্কৃতি প্রথম পত্র, বাংলা (আবশ্যিক) প্রথম পত্র (ডিআইবিএস) পরীক্ষা।

এদিকে মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতায় আলিম পরীক্ষা ২ এপ্রিল একযোগে শুরু হয়ে চলবে ৩ মে পর্যন্ত। ব্যবহারিক পরীক্ষা ১১ মে'র মধ্যে শেষ হবে। প্রথম দিন কুরআন মাজিদ বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

এছাড়া কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) পরীক্ষা একই সময়ে শুরু হয়ে শেষ হবে ২৯ এপ্রিল। ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে ৩ মে থেকে ১১ মে পর্যন্ত। প্রথম দিন বাংলা-১ (নতুন সিলেবাস) ও বাংলা-২ (পুরনো সিলেবাস) সকালে এবং বাংলা-১ (সৃজনশীল নতুন সিলেবাস) ও বাংলা-২ (সৃজনশীল পুরনো সিলেবাস) পরীক্ষা অনুষ্ঠিত হবে। কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে দেশের ৬৪টি সরকারি স্কুল অ্যান্ড কলেজ কেন্দ্রে এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষা ২ এপ্রিল শুরু হবে। চলবে ১৭ এপ্রিল পর্যন্ত। ব্যবহারিক পরীক্ষা নেয়া হবে ১৮ এপ্রিল থেকে ২৬ এপ্রিল। প্রথমদিন বাংলা-২ (সৃজনশীল) সকালে এবং বাংলা-১ (সৃজনশীল) বিকালে অনুষ্ঠিত হবে। কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষা ২ এপ্রিল শুরু হয়ে চলবে ১৯ এপ্রিল পর্যন্ত। প্রথম দিন সকালে বাংলা-২ এবং বিকালে বাংলা-১ (সৃজনশীল) পরীক্ষা অনুষ্ঠিত হবে।

এর আগে ২ ফেব্রুয়ারি শিক্ষা মন্ত্রণালয় পরীক্ষার সময়সূচি অনুমোদন করে।